ইসলাম প্রতিদিন

# নিত্যপাঠ-০৪

islam & life

## ইসলাম এন্ড লাইফ

## ISLAM AND LIFE

ইসলাম এস্টেট (৩য় তলা), ৫৫/১ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
+88 01708 43 41 95, +88 01818 64 65 75
info@ac.islamandlife.org, www.ac.islamandlife.org

get background at www.twitterevolutions.com

# কুরআন

সূরা: আল মাউন    আয়াত: ০৭    অবতীর্ণ: মক্কা

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَرَءَيْتَ الَّذِىْ يُكَذِّبُ بِالدِّيْنِ ﴿١﴾ فَذٰلِكَ الَّذِىْ يَدُعُّ الْيَتِيْمَ ﴿٢﴾ وَ لَا يَحُضُّ

عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ ﴿٣﴾ فَوَيْلٌ لِّلْمُصَلِّيْنَ ﴿٤﴾ الَّذِيْنَ هُمْ عَنْ صَلَاتِهِمْ

سَاهُوْنَ ﴿٥﴾ الَّذِيْنَ هُمْ يُرَآءُوْنَ ﴿٦﴾ وَ يَمْنَعُوْنَ الْمَاعُوْنَ ﴿٧﴾

উচ্চারণ: বিসমিল্লাহির রাহমানির রাহিম। আরা’আইতাল্লাজি ইউকাজ্জিবু বিদ্দীন। ফাজালিকাল্লাজি ইদুয়ুল ইয়াতিম। ওয়ালা ইয়াহুদ্দু আলা তাআমিল মিসকিন। ফাওয়াইলুল লিল মুসাল্লিন। আল্লাজিনাহুম আন সালাতিহিম সাহুন। আল্লাজিনাহুম ইউরাউন। ওয়াইয়াম নাউনাল মাউন।

অর্থ: ১. আপনি কি দেখেছেন তাকে, যে দ্বীনকে অস্বীকার করে? ২. সে তো সে-ই, যে ইয়াতীমকে রুঢ়ভাবে তাড়িয়ে দেয়। ৩. আর সে উদ্বুদ্ধ করে না মিসকীনদের খাদ্য দানে। ৪. কাজেই দুর্ভোগ সে সালাত আদায়কারীদের, ৫. যারা তাদের সালাত সম্বন্ধে উদাসীন, ৬. যারা লোক দেখানোর জন্য তা করে, ৭। এবং গৃহস্থালীর প্রয়োজনীয় ছোটখাট সাহায্য দানে বিরত থাকে।

# হাদিস

## কিতাব: রিয়াজুসসালিহিন হাদিস নং: ০৪

وَعَنْ أَبِي هُرَيرَةَ رضي الله عنه: أنَّ رَسُولَ اللهِ
صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، قَالَ: « الإيمَانُ
بِضْعٌ وَسَبْعُونَ أَوْ بِضْعٌ وَسِتُّونَ شُعْبَةً: فَأَفْضَلُهَا قَوْلُ: لاَ إِلٰهَ إِلاَّ اللهُ،
وَأَدْنَاهَا إِمَاطَةُ الأَذَى عَنِ الطَّرِيقِ، وَالحَيَاءُ شُعْبَةٌ مِنَ الإِيمَانِ». متفق عَلَيْهِ

অর্থ: ৩/৬৮৮। আবূ হুরাইরা রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “ঈমানের সত্তর অথবা ষাট অপেক্ষা কিছু বেশি শাখা রয়েছে। তার মধ্যে সর্বোত্তম শাখা ‘লা-ইলাহা ইল্লাল্লাহ’ বলা এবং সর্বনিম্ন শাখা পথ থেকে কষ্টদায়ক জিনিস সরিয়ে দেওয়া। আর লজ্জা ঈমানের একটি শাখা।” (বুখারী ও মুসলিম) [১]

* কষ্টদায়ক জিনিস যেমন, ঢেলা, ইট, পাথর, পোড়া কয়লা, ভাঙ্গা কাঁচ, কাঁটা, গাছের ডাল, নোংরা জিনিস ইত্যাদি, যাতে পথিক কষ্ট পায়।

সহীহুল বুখারী ২৮৩৮, ২৮৩৯, ৪৪২৩

# ফিকাহ

কিতাব: আহকামে জিন্দেগী অধ্যায় : ইবাদাত বিষয়: শরীয়তের পরিভাষা

মাকরূহ তাহরীমী: ওয়াজিবের বিপরীত, যা কেউ অস্বীকার করলে কাফের হয় না তবে ফাসেক হয়ে যায়। বিনা ওজরে মাকরূহে তাহরীমী করাও ফাসেকী।

মাকরূহ তানযীহী: যা না করলে ছাওয়াব আছে, করলে আযাব নেই।

মোবাহ: যা মানুষের ইচ্ছাধীন, যে ব্যাপারে আল্লাহ মানুষকে করা বা না করার স্বাধীনতা ও এখতিয়ার দিয়েছেন। যেমন: দেশ ভ্রমণ করা ইত্যাদি। তবে মোবাহ কাজের সংগে যদি ভালো নিয়ত সংযুক্ত হয়, তাহলে তা ছাওয়াবের কাজ হয়ে যায়। যেমন পানাহার করল এই নিয়াতে, এতে শরীর ভাল থাকবে, তাহলে আল্লাহর ইবাদাত করা যাবে ইত্যাদি। পক্ষান্তরে মোবাহ কাজের সাথে খারাপ নিয়াত যুক্ত হলে তা পাপের হয়ে যায়; যেমন কোথাও ভ্রমণে গেল বেগানা নারী দর্শনের উদ্দেশ্যে বা নাজায়েয কিছু দেখা বা করার জন্য তাহলে তা গোনাহে রূপান্তরিত হবে।